অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/28/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক জুড়ে 1,000টিরও বেশি সাশ্রয়ী মূল্যের বাড়ির তহবিলের জন্য 98 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেন

বরাদ্দগুলি গভর্নরের অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলারের গৃহহীনতার বিরুদ্ধে লড়াইয়ের পরিকল্পনা অব্যাহত রাখে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করে

প্রকল্পগুলি নিম্ন আয়ের পরিবারগুলিতে সাশ্রয়ী মূল্যের ব্রডব্যান্ড ইন্টারনেট অ্যাক্সেস সরবরাহ করবে এবং জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনে বর্ণিত সবুজ বিল্ডিং মানগুলির লক্ষ্যসমূহ পূরণ করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক জুড়ে 20টি পৃথক উন্নয়নে 1,054টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি করতে 98 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ প্রদান করা হয়েছে। এই তহবিল সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করতে, গৃহহীনতার বিরুদ্ধে লড়াই করতে ও বিদ্যুৎ-সাশ্রয়ী, কম খরচে আবাসনের সুযোগগুলিতে অ্যাক্সেস প্রসারিত করতে সহায়তা করবে।

"আমরা যখন মহামারী থেকে পুনর্নির্মাণ করছি, এই বরাদ্দগুলি সমস্ত নিউ ইয়র্কবাসীদের বসবাসের জন্য একটি নিরাপদ, স্থিতিশীল ও সাশ্রয়ী মূল্যের জায়গা নিশ্চিত করার জন্য আমাদের অটল প্রতিশ্রুতির আরও প্রমাণ," **গভর্নর কুওমো বলেন।** "স্টেটে জুড়ে সাশ্রয়ী মূল্যের ও সহায়ক আবাসনে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ অবিরত করতে গিয়ে আমরা আরও শক্তিশালী, আরও বৈচিত্র্যময় ও আরও ন্যায়সঙ্গত সম্প্রদায় গড়ে তোলার সময় পরিবারগুলির জীবন উন্নত করতে পারি।"

আজ ঘোষিত বরাদ্দগুলি গভর্নরের ঐতিহাসিক 20 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন ও গৃহহীনতা পরিকল্পনার অংশ, যা শেষ পর্যন্ত 100,000 ইউনিট সাশ্রয়ী মূল্যের আবাসন ও 6,000 সহায়ক ইউনিট তৈরি করবে। নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের মাল্টিফ্যামিলি ফাইন্যান্স (New York State Homes and Community Renewal's Multifamily Finance) RFP-এর মাধ্যমে তহবিলগুলি সরবরাহ করা হয়, একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়া যা ফেডারেল লো-ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট ও সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক মাল্টিফ্যামিলি হাউজিং ডেভেলপমেন্টের জন্য ভর্তুকি অর্থায়ন প্রদানের জন্য ব্যবহৃত হয়। বেসরকারি বিনিয়োগের জন্য অতিরিক্ত 311 মিলিয়ন মার্কিন ডলারের সাথে, 20টি নতুন উন্নয়নসহ স্থানীয় অর্থনীতিতে মোট উন্নয়ন ব্যয়ে 409 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে।

এই প্রকল্পগুলি নিম্ন আয়ের পরিবারগুলিকে সাশ্রয়ী মূল্যের ইন্টারনেট সরবরাহের পাশাপাশি জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যগুলিকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য গভর্নরের উদ্দেশ্যগুলিকেও এগিয়ে নিয়ে যায়। এই উন্নয়নগুলি ভাড়াটেদের বিনামূল্যে বা কম খরচের ব্রডব্যান্ড পরিষেবা সরবরাহ করবে এবং কার্বন নিঃসরণ হ্রাস ও জীবাশ্ম জ্বালানীর উপর নির্ভরতা হ্রাস করে উচ্চ বিদ্যুৎ সাশ্রয়ী মান হিসেবে উন্নত করা হবে।

আজকের বরাদ্দগুলির মধ্যে রয়েছে:

<u>ক্যাপিটাল অঞ্চল</u>

- আলবানি কাউন্টির কোহোস শহরের ইরি পয়েন্টের জন্য 4.7 মিলিয়ন মার্কিন ডলার। উন্নয়নটি আটটি বিক্ষিপ্ত স্থান জুড়ে 40টি অ্যাপার্টমেন্ট ও একটি পকেট পার্ক তৈরি করবে। অ্যাপার্টমেন্টগুলির অর্ধেকটিতে গৃহহীনতার শিকার পরিবারগুলির জন্য জন্য সহায়ক পরিষেবা যুক্ত করা হবে। HCR সেকশন 8 প্রকল্পভিত্তিক ভাউচারের বরাদ্দ প্রদান করেছে যা আটটি পরিবারের জন্য ভাড়া সহায়তা প্রদান করবে।
- সারাটোগা কাউন্টির বলস্টন শহরের ডমিনিক হোলো অ্যাপার্টমেন্টের জন্য 5.6 মিলিয়ন মার্কিন ডলার। ভবনটি সহায়ক পরিষেবাগুলির প্রয়োজনে ব্যক্তিদের জন্য সংরক্ষিত 30টি বাড়ি সহ 60টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট সরবরাহ করবে।

<u>সেন্ট্রাল নিউ ইয়র্ক</u>

- অননন্ডাগা কাউন্টির সিসেরো শহরে মোনার্ক কমপ্লেক্সের জন্য 3.8 মিলিয়ন মার্কিন ডলার। এই প্রকল্পে খালি ও স্বল্প ব্যবহৃত কাঠামো ধ্বংস এবং 55 বছর বা তার বেশি বয়সী প্রবীণদের জন্য একটি 50 ইউনিট ভবন নির্মাণের নতুন নির্মাণ জড়িত। পনেরটি বাড়ি প্রবীণদের জন্য সংরক্ষিত থাকবে।
- কায়ুগা কাউন্টির সেননেট শহরে সেননেট মেডোজ সিনিয়র হাউজিংয়ের জন্য 4.9 মিলিয়ন মার্কিন ডলার। এই উন্নয়নে 55 বছর বা তার বেশি বয়সী প্রবীণদের জন্য 60টি অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত থাকবে যেখানে সহায়ক পরিষেবার প্রয়োজনে বয়োজ্যেষ্ঠ ও প্রবীণদের জন্য 18টি অ্যাপার্টমেন্ট আলাদা রাখা হবে।

<u>ফিঙ্গার লেকস</u>

- সেনেকা কাউন্টির ওয়াটারলু গ্রামে লাফায়েত অ্যাপার্টমেন্টের জন্য 6.1 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি একটি খালি ঐতিহাসিক স্কুল ভবনকে 62 বছর বা তার বেশি বয়সীদের জন্য 33টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্টে রূপান্তরিত করবে এবং সিনিয়র পরিবারগুলির জন্য ছয়টি সহায়ক বাড়ি রয়েছে যাদের স্বাধীনভাবে বসবাসের জন্য সহায়তা প্রয়োজন।
- সেনেকা কাউন্টির সেনেকা ফলস শহরের হান্টিংটন অ্যাপার্টমেন্টের জন্য 5.1 মিলিয়ন মার্কিন ডলার। শহরের কেন্দ্রবিন্দু ডিস্ট্রিক্টে অবস্থিত, সামঞ্জস্যযোগ্য পুনরায় ব্যবহারের প্রকল্পটি একটি ঐতিহাসিক খালি কারখানাকে 53টি অ্যাপার্টমেন্টে রূপান্তরিত করবে যেখানে 27টি ইউনিট গৃহহীনতার সম্মুখীন প্রবীণদের জন্য সংরক্ষিত থাকবে।

লং আইল্যান্ড

- সাফোক কাউন্টির ইস্ট হ্যাম্পটন শহরে থ্রি মাইল হারবারের জন্য 5.6 মিলিয়ন মার্কিন ডলার। উন্নয়নটি 50টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্টের সঙ্গে পাঁচটি টাউনহাউস শৈলী ভবন ও উচ্চ কর্মক্ষমতা সম্পন্ন স্কুল অ্যাক্সেসের সঙ্গে একটি এলাকায় একটি কমিউনিটি বিল্ডিং তৈরি করবে। HCR সেকশন ৪ প্রকল্পভিত্তিক ভাউচারের বরাদ্দ প্রদান করেছে যা আটটি পরিবারের জন্য ভাড়া সহায়তা প্রদান করবে।

মিড-হাডসন

- রকল্যান্ড কাউন্টির অরেঞ্জটাউন শহরে হিরোস ভেটারেন্স অ্যাপার্টমেন্টের জন্য 1.5 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি প্রাক্তন সেনা ব্যারাকগুলিকে গৃহহীনতার সম্মুখীন প্রবীণদের জন্য 14টি সহায়ক বাড়িতে রূপান্তরিত করবে।
- ডাচেস কাউন্টির পাওলিং শহরের পাওলিং-এ উডসের জন্য 4.9 মিলিয়ন মার্কিন ডলার। এই উন্নয়নে একটি উচ্চ-কর্মক্ষমতাসম্পন্ন স্কুল ডিস্ট্রিক্টের একটি এলাকায় পরিবারগুলির জন্য ৪0টি মিশ্র আয়ের সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত করবে।

মোহক ভ্যালি

- মন্টগোমারি কাউন্টির আমস্টারডাম শহরে হল্যান্ড সার্কেল অ্যাপার্টমেন্টের জন্য 3.2 মিলিয়ন মার্কিন ডলার। এই উন্নয়নে মানসিক অসুস্থতায় বসবাসকারী 27 জন প্রাপ্তবয়স্কদের জন্য সহায়ক পরিষেবাসহ 4৪টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট থাকবে।
- ওনিডা কাউন্টির রোম শহরের কপার সিটি লফটসের জন্য 4.6 মিলিয়ন মার্কিন ডলার। মিশ্র আয়, মিশ্র ব্যবহারের উন্নয়ন 64টি অ্যাপার্টমেন্ট ও একতলা বাণিজ্যিক স্থান বৈশিষ্ট্যমণ্ডিত করবে। এই উন্নয়নটি শহরের আরও হাঁটার যোগ্য ও প্রাণবন্ত শহরের কেন্দ্রবিন্দু তৈরি করতে গভর্নরের ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (Downtown Revitalization Initiative) কর্তৃক সমর্থিত।
- ওনিডা কাউন্টির উটিকা শহরের জনসন পার্ক অ্যাপার্টমেন্টের জন্য 4.4 মিলিয়ন মার্কিন ডলার। উটিকার কর্ন হিল এলাকায় বিক্ষিপ্ত সাইটের উন্নয়ন সহায়ক পরিষেবার প্রয়োজনে প্রবীণ ও প্রাপ্তবয়স্কদের জন্য 33টি সহ 62টি অ্যাপার্টমেন্ট সরবরাহ করবে।

নিউ ইয়র্ক সিটি

- ব্রুকলিনের বেডফোর্ড-স্টুয়েভেস্যান্ট এলাকায় হার্টের জন্য ৪.4 মিলিয়ন মার্কিন ডলার। গভর্নরের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের অংশ, হার্ট এর হাসপাতালের কম ব্যবহৃত সম্পত্তির উপর নির্মিত হবে এবং এতে একটি অ্যাম্বুলেটরি কেয়ার সেন্টার, একটি মানসিক স্বাস্থ্য বহির্বিভাগ কর্মসূচি ও ওয়ান ব্রুকলিন হেলথ সিস্টেম (One Brooklyn Health System) কর্তৃক পরিচালিত একটি সহ-অবস্থিত প্রাথমিক কেয়ার সেন্টার থাকবে। ভবনটি মানসিক অসুস্থতায় বসবাসকারী প্রবীণ ও প্রাপ্তবয়স্কদের জন্য 3৪টি সহায়ক বাড়িসহ 57টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্টও সরবরাহ করবে।
- ব্রঙ্কসের মাউন্ট হোপ এলাকার মাউন্ট হোপ ওয়ালটন অ্যাপার্টমেন্টের জন্য 7.3 মিলিয়ন মার্কিন ডলার। মাউন্ট হোপ কমিউনিটি সেন্টারের পাশে অবস্থিত এই ভবনে 103টি ওয়ার্কফোর্স অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত করা হবে যেখানে 16টি বাড়ি গৃহহীনতার সম্মুখীন ব্যক্তি ও পরিবারের জন্য সংরক্ষিত

থাকবে।
• ব্রুকলিনের ফ্লাটবুশ এলাকার বেথানি সিনিয়র টেরেসের জন্য 9.1 মিলিয়ন মার্কিন ডলার। এই উন্নয়নে 62 বছর বা তার বেশি বয়সী প্রবীণদের জন্য 58টি অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত থাকবে যেখানে 18টি অ্যাপার্টমেন্ট স্বাধীনভাবে বসবাসের জন্য সহায়তার প্রয়োজন সিনিয়র পরিবারগুলির জন্য সংরক্ষিত থাকবে।

নর্থ কাউন্টি
• এসেক্স কাউন্টির নর্থ এলবা শহরে ম্যাকেঞ্জি ওভারলুকের জন্য 3.9 মিলিয়ন মার্কিন ডলার। এই 60-ইউনিট সাশ্রয়ী মূল্যের হাউজিং উন্নয়ন আঞ্চলিক অর্থনৈতিক কাউন্সিল কৌশলগত পরিকল্পনার একটি অগ্রাধিকার এবং প্রাথমিকভাবে স্থায়ী ভাড়া আবাসনে রূপান্তরের আগে 2023 সালে শীতকালীন ইউনিভার্সিয়াড গেমসে অংশগ্রহণকারী কলেজ ক্রীড়াবিদদের অস্থায়ীভাবে রাখার জন্য ব্যবহার করা হবে।

সাউদার্ন টায়ার
• টম্পকিনস কাউন্টির ইথাকা শহরের কার্পেন্টার পার্ক অ্যাপার্টমেন্টের জন্য 3.3 মিলিয়ন মার্কিন ডলার। 42-ইউনিট মিশ্র আয়ের উন্নয়ন কৃষকদের বাজার সংলগ্ন স্বল্প ব্যবহৃত জমিতে নির্মিত হবে এবং কয়ুগা ওয়াটারফ্রন্ট ট্রেইলে অ্যাক্সেস পাবে।
• ব্রুম কাউন্টির বিংহামটন সিটিতে নর্থ অব মেইন রিভিটালাইজেশনের জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার। বিক্ষিপ্ত সাইট প্রকল্পটি ছয়টি সম্পত্তি পুনর্বাসন করবে এবং 23টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট তৈরির জন্য খালি জমিতে একটি নতুন ভবন নির্মাণ করবে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক
• বাফেলো শহরের ওয়েস্ট সাইড হোমসের জন্য 4.7 মিলিয়ন মার্কিন ডলার। বিক্ষিপ্ত সাইট উন্নয়ন দুটি বিদ্যমান সম্পত্তি পুনর্বাসন এবং মোট 49টি অ্যাপার্টমেন্ট তৈরির জন্য 12টি নতুন ভবন নির্মাণ করবে। সহায়ক পরিষেবার প্রয়োজনে প্রাপ্ত বয়স্ক ব্যক্তিদের জন্য ষোলটি অ্যাপার্টমেন্ট আলাদা করা হয়েছে।
• বাফেলো শহরে অলিম্পিক এভিনিউ অ্যাপার্টমেন্টের জন্য 4.2 মিলিয়ন মার্কিন ডলার। এই প্রকল্পটি একটি খালি ঐতিহাসিক স্কুলকে 46টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্টে রূপান্তরিত করবে।

স্টেটব্যাপী প্রদান করা অর্থায়নের একটি সম্পূর্ণ তালিকা এখানে পাওয়া যাবে।

HCR কমিশনার রুথান ভিসনসকাস বলেন, "এই 20টি নতুন উন্নয়ন উচ্চ মানের, বিদ্যুৎ সাশ্রয়ী, সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগ ও স্টেটজুড়ে আশেপাশের এলাকায় আরও স্থানীয় পুনরুজ্জীবনের প্রচেষ্টার অ্যাক্সেসকে প্রসারিত করবে। আমাদের 98 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 1,000টিরও বেশি বাড়ি তৈরি করবে, যার মধ্যে রয়েছে বয়োজ্যেষ্ঠ, প্রবীণ, বিশেষ চাহিদাসম্পন্ন প্রাপ্তবয়স্ক ও গৃহহীনতা বা আবাসন নিরাপত্তাহীনতার সম্মুখীন পরিবারগুলি। মহামারী থেকে বেরিয়ে আসার সাথে সাথে আমরা জানি এটি আগের চেয়ে আরও বেশি গুরুত্বপূর্ণ যে আমরা স্বাস্থ্যকর, অর্থনৈতিকভাবে

সমৃদ্ধ ও সর্বব্যাপী সম্প্রদায় তৈরি করে চলেছি এবং নিশ্চিত করেছি যে সমস্ত নিউ ইয়র্কবাসীদের বাড়িতে বসবাস করার জন্য নিরাপদ জায়গা আছে।"

অ্যাসেম্বলির আবাসন কমিটির চেয়ারম্যান, অ্যাসেম্বলি-ম্যান স্টিভেন সিম্ব্রোয়েটস বলেন, "এই অনুদানগুলি স্টেট জুড়ে হাজার হাজার ব্যক্তি ও পরিবার যারা গৃহহীনতার হুমকির সম্মুখীন হয় তাদের নিরাপদ, সাশ্রয়ী মূল্যের ও সহায়ক আবাসন সরবরাহ করতে সহায়তা করবে এবং সেইসাথে যারা অন-সাইট সহায়তা পরিষেবা ও সম্পদ থেকে উপকৃত হবে। সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি এবং সংরক্ষণের জন্য আমাদের কাজ অব্যাহত রয়েছে, কিন্তু আমরা যে ইউনিট তৈরি করি তার অর্থ স্থিতিশীলতা এবং আমাদের সম্প্রদায়ের অন্য একজন গুরুত্বপূর্ণ সদস্যের প্রত্যাশা।"

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন